রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ২৫, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২১২-আইন/২০১৯।**—ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০নং আইন) এর ধারা ১১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের আওতাধীন সকল জোনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **“আইন”** অর্থ ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০নং আইন);

(খ) **“আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র”** অর্থ বিধি ৪ এর অধীন গঠিত আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র;

(গ) **“আবেদনকারী”** অর্থ কোনো সেবার জন্য আবেদনকারী কোনো ব্যক্তি;

(ঘ) **“আবেদনপত্র”** অর্থ কোনো সেবার জন্য কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ কেন্দ্র বরাবর বিধি ৭ এর অধীন দাখিলকৃত কোনো আবেদনপত্র;



**মূল্য :** টাকা ১৬.০০

(ঙ) **"ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল"** অর্থ বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ কর্তৃক বিধি ৫ এর অধীন স্থাপিত ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল;

(চ) **"বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ" বা "বেপজা"** অর্থ Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (Act No. XXXVI of 1980) এর Section 3 এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ;

(ছ) **"কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ;

(জ) **"জোন"** অর্থ বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের অধীন প্রতিষ্ঠিত ও নিয়ন্ত্রণাধীন কোনো ইপিজেড বা অর্থনৈতিক অঞ্চল বা অনুরূপ বিশেষায়িত অঞ্চল;

(ঝ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল;

(ঞ) **"নির্ধারিত সময়"** অর্থ তপশিলের কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত সময়;

(ট) **"নির্বাহী চেয়ারম্যান"** অর্থ বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান;

(ঠ) **"ব্যক্তি"** অর্থ যে কোনো ব্যক্তি এবং কোনো প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোনো সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) **"ফোকাল পয়েন্ট"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত ফোকাল পয়েন্ট;

(ঢ) **"সেবা"** অর্থ তপশিল এর কলাম (২) এ উল্লিখিত সেবা;

(ণ) **"সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ"** অর্থ তপশিলের কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ; এবং

(ত) **"স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর"** অর্থ বিধি ৩ এর উপ-বিধি (২) (ক) এর অধীন কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হয়েছে সে অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ গঠন ও উহার কার্যাবলি।**—(১) বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা: —

(ক) নির্বাহী চেয়ারম্যান, যিনি ইহার প্রধান নির্বাহীও হইবেন;

(খ) বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার নির্বাহী বোর্ডের একজন সদস্য;

(গ) প্রত্যেক সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার ফোকাল পয়েন্ট;

(ঘ) বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার একজন কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ —

(ক) ওয়ান স্টপ সার্ভিস পদ্ধতিতে সেবা প্রদানের নিমিত্ত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর প্রণয়ন;

(খ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র ও ফোকাল পয়েন্টকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান;

(গ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের কার্যাবলি নির্ধারণ, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

(ঘ) আবেদনপত্রসমূহের অগ্রগতি পর্যবেক্ষণ এবং অনিষ্পন্ন আবেদনপত্র, যদি থাকে, দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

(চ) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য কার্যাবলি।

৪। **আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠন ও উহার কার্যাবলি**।—(১) কোনো জোনে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠিত হইবে, যথাঃ —

(ক) সংশ্লিষ্ট জোনের মহাব্যবস্থাপক, যিনি ইহার আহ্বায়কও হইবেন;

(খ) সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার ফোকাল পয়েন্ট;

(গ) বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত জোনের একজন কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো জোনের জন্য আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠিত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জোনের মহাব্যবস্থাপক বা প্রকল্প পরিচালক উক্ত জোনের ওয়ান স্টপ সার্ভিস প্রদান বিষয়ক যাবতীয় দায়িত্ব পালন করিবেন।

(৩) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ—

(ক) স্ট্যান্ডার্ট অপারেটিং প্রসিডিউর এবং কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, প্রদত্ত পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম পরিচালনা;

(খ) আবেদনকারীকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

(গ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের লক্ষ্যে ফোকাল পয়েন্টকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, কোনো আবেদনপত্র কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বরাবর প্রেরণ; এবং

(ঙ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য কার্যাবলি।

৫। **ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন**।—সেবা প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ নিজস্ব অটোমেশন পদ্ধতিতে ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ কর্তৃক উক্তরূপ পোর্টাল স্থাপিত না হওয়া পর্যন্ত বেপজার নিজস্ব ওয়েবসাইট অথবা অন্য কোনো প্রতিষ্ঠান হইতে উক্ত সুবিধা গ্রহণ করা যাইবে।

৬। **আবেদনপত্রের ফরমসহ অন্যান্য ফরম সহজলভ্যকরণ এবং তথ্য প্রদর্শন**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ আবেদনপত্রের ফরমসহ অন্যান্য ফরম প্রণয়ন করিবে ও উহাদের সহজলভ্যতা নিশ্চিত করিবেঃ

তবে শর্ত থাকে যে, বেপজা সেবা প্রদানকারী সংস্থার সহিত পরামর্শক্রমে বিদ্যমান ফরমসমূহ কাস্টমাইজ (Customize) করিতে পারিবে।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, সকলের দৃষ্টিগ্রাহ্য হয় এইরূপ কোনো স্থান এবং ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে সেবা সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ তথ্য প্রদর্শন করিবার ব্যবস্থা গ্রহণ করিবে।

৭। **ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা গ্রহণের আবেদনপত্র দাখিল ও প্রক্রিয়াকরণ**।—(১) ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা গ্রহণ করিতে ইচ্ছুক প্রত্যেক আবেদনকারীকে ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল ব্যবহার করিয়া আবেদনপত্র দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, কোনো কারণে ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে আবেদনপত্র দাখিল করা সম্ভব না হইলে সরাসরি আবেদনপত্র দাখিল করা যাইবে।

(২) আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট সকল তথ্য, দলিল ও ফি, যদি থাকে, দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, কোনো কারণে কোনো তথ্য বা দলিল দাখিল করা সম্ভব না হইলে, আবেদনকারীকে তাহার স্ব-প্রত্যয়নে, উক্ত তথ্য বা দলিল রহিয়াছে উল্লেখে উহা দাখিল না করিবার কারণ উল্লেখপূর্বক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে উহা দাখিল করিবেন মর্মে লিখিত অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

(৩) প্রয়োজনে আবেদনকারীকে চাহিত দলিলাদির মূল কপি প্রদর্শন করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করিবে।

(৫) সেবা গ্রহণের জন্য আবেদনকারীকে সংশ্লিষ্ট সংস্থার প্রযোজ্য ফি নির্ধারিত পদ্ধতি বা, ক্ষেত্রমত, ইলেকট্রনিক পদ্ধতিতে জমা প্রদান করিতে হইবে এবং উক্ত ফি জমার তথ্যসমূহ আবেদনপত্রের ফরমে উল্লেখ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, নির্ধারিত বা ইলেকট্রনিক পদ্ধতিতে ফি প্রদানের ব্যবস্থা না থাকিলে অথবা কোনো কারণে নির্ধারিত বা ইলেকট্রনিক পদ্ধতিতে ফি প্রদান করা সম্ভব না হইলে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র কর্তৃক সুপারিশকৃত পদ্ধতিতে ফি প্রদান করা যাইবে।

৮। **ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রকে সহায়তা প্রদানের জন্য ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক স্থাপন করা যাইবে।

(২) ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র কর্তৃক, সময় সময়, নির্ধারিত দায়িত্ব পালন করিবে।

৯। **ফোকাল পয়েন্ট নির্ধারণ, ক্ষমতায়ন ও কার্যাবলি**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কোনো উপযুক্ত কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নির্ধারণ করিবে।

(২) ফোকাল পয়েন্ট কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র হইতে প্রাপ্ত আবেদনপত্র নির্ধারিত সময় ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুযায়ী নিষ্পত্তি করিবেন।

(৩) ফোকাল পয়েন্ট আবেদনকারীর স্ব-প্রত্যয়নের ভিত্তিতে, তথ্য বা দলিলের আংশিক অসম্পূর্ণতা থাকা সত্ত্বেও, কোনো আবেদনপত্র বিবেচনাক্রমে সেবা প্রদান কার্যক্রম শুরু করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে আবেদনকারী নির্দিষ্ট সময়ের মধ্যে স্ব-প্রত্যয়নে উল্লিখিত তথ্য বা দলিল দাখিল করিতে ব্যর্থ হইলে ফোকাল পয়েন্ট আবেদনপত্র নামঞ্জুর করিতে পারিবেন।

(৪) ফোকাল পয়েন্ট আবেদনপত্র নিষ্পত্তির ক্ষেত্রে তাহার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থার নির্দেশনা বা সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন।

(৫) আবেদনপত্র ও উহার সহিত সংযুক্ত তথ্য বা দলিলাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে ফোকাল পয়েন্ট চাহিত সেবা অনুমোদনপূর্বক আবেদনকারীকে অনুমতিপত্র প্রেরণ করিবেন।

(৬) আবেদনপত্র ও উহার সহিত সংযুক্ত তথ্য, দলিল বা কাগজাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট না হইলে ফোকাল পয়েন্ট কারণ উল্লেখপূর্বক আবেদনপত্রটি নামঞ্জুর করিতে পারিবেন এবং উহা আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে অবহিত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন কোনো আবেদনপত্র নামঞ্জুর করা হইলে, সংশ্লিষ্ট আবেদনকারী নামঞ্জুর আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে পুনঃবিবেচনার আবেদন করিতে পারিবেন।

(৮) পুনঃ বিবেচনার আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে নির্ধারিত সময় ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসরণ করিতে হইবে।

১০। **সভা**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, সময় সময়, সভা আহ্বান করিয়া আবেদনপত্রসমূহের হালনাগাদ অবস্থা পর্যালোচনা করিবে এবং দ্রুত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের প্রধান নির্বাহী বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের আহ্বায়ক যে কোনো সময় সভা আহ্বান করিতে পারিবেন।

(৩) উক্ত সভায় প্রয়োজনে, সংশ্লিষ্ট যে কোনো সংস্থার উপযুক্ত প্রতিনিধিকে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো যাইবে।

(৪) সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

**ব্যাখ্যা**।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "সভা" অর্থে ভিডিও কনফারেন্সিং বা অন্য কোনো ডিজিটাল মাধ্যমে অনুষ্ঠিত সভা অন্তর্ভুক্ত হইবে।

১১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তপশিল**

**[ বিধি ২ (ঝ) দ্রষ্টব্য ]**

| ক্রম | সেবার নাম | সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ | নির্ধারিত সময় (কর্মদিবস) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | **ভিসা** | | |
| | ১.১ ভিসা ইস্যুকরণ | বাংলাদেশ দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয় | ৫ |
| | ১.২ ভিসার মেয়াদ বর্ধিতকরণ | ইমগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৫ |
| | ১.৩ শ্রেণি পরিবর্তনসহ ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ৫ |
| | ১.৪ ল্যান্ডিং পারমিট/On Arrival Visa (প্রযোজ্য ক্ষেত্রে) | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং ইমিগ্রেশন পুলিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | তাৎক্ষণিক |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২ | **ওয়ার্ক পারমিট** | | |
| | ২.১ নিরাপত্তা সংক্রান্ত ছাড়পত্র | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ২১ |
| ৩ | **কোম্পানি নিবন্ধন** | | |
| | ৩.১ নামের ছাড়পত্র (Name clearance) | যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় | ১ |
| | ৩.২ সার্টিফিকেট অব ইনকর্পোরেশন | | ৩ |
| | ৩.৩ সার্টিফাইড মেমোরেন্ডাম অফ এ্যাসোসিয়েশন এন্ড আর্টিক্যালস অব এ্যাসোসিয়েশন | | ৩ |
| | ৩.৪ শেয়ার ট্রান্সফার/পরিবর্তন | | ৩ |
| | ৩.৫ শেয়ারহোল্ডার ও পরিচালক পরিবর্তন | | ৭ |
| | ৩.৬ অনুমোদিত মূলধন বৃদ্ধিকরণ | | ৩ |
| | ৩.৭ কোম্পানির নাম পরিবর্তন | | ৩ |
| ৪ | ট্রেড লাইসেন্স | ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন | ১ |
| ৫ | **ট্যাক্স সংক্রান্ত রেজিস্ট্রেশন** | | |
| | ৫.১ টি আই এন রেজিস্ট্রেশন সনদ | জাতীয় রাজস্ব বোর্ড | ১ |
| | ৫.২ ভ্যাট রেজিস্ট্রেশন সনদ | | ১ |
| ৬ | **পরিবেশগত ছাড়পত্র** | | |
| | **৬.১ সবুজ শ্রেণির শিল্প কারখানা** | | |
| | ক) পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | পরিবেশ অধিদপ্তর | ৭ |
| | খ) পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৭ |
| | ৬.২ **কমলা ক শ্রেণির শিল্প কারখানা** | | |
| | ক) পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | পরিবেশ অধিদপ্তর | ৭ |
| | খ) পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৭ |
| | ৬.৩ **কমলা খ শ্রেণির শিল্প কারখানা** | | |
| | ক) পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | পরিবেশ অধিদপ্তর | ২০ |
| | খ) পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ২০ |
| | ৬.৪ **লাল শ্রেণির শিল্প কারখানা** | | |
| | ক) পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | পরিবেশ অধিদপ্তর | ৩০ |
| | খ) পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৭ | **অগ্নি নিরোধ সংক্রান্ত সেবা ও ছাড়পত্র** | | |
| | ৭.১ অগ্নি নিরাপত্তা পরিকল্পনা অনুমোদন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ২১ |
| | ৭.২ অগ্নি নিরাপত্তা লাইসেন্স অনুমোদন (চূড়ান্ত পরিদর্শনসহ) | | ১০ |
| | ৭.৩ অগ্নি নিরাপত্তা লাইসেন্স নবায়ন | | ১০ |
| ৮. | **শুল্ক ও কর সংক্রান্ত সেবা** | | |
| | ৮.১ বন্ড রেজিস্ট্রেশন ইস্যুকরণ | জাতীয় রাজস্ব বোর্ড এবং কাস্টমস | ১৫ |
| | ৮.২ বার্ষিক স্টক টেকিং/অডিট সম্পাদন | | ৭ |
| | ৮.৩ বন্ডে নতুন পণ্য, কাঁচামাল ও মেশিন ইত্যাদি সংযোজন এবং বিভিন্ন তথ্য সংশোধন | | ৩ |
| | ৮.৪ পোস্ট পার্সেল ছাড়করণ | | ২ |
| | ৮.৫ আমদানি-রপ্তানি সংক্রান্ত কাস্টমস এর অনুমতি | | ১ |
| | ৮.৬ হ্যান্ডক্যারী আমদানি শুল্কমুক্তভাবে ছাড়করণ | | তাৎক্ষণিক |
| | ৮.৭ ব্রিং-ব্যাক, শিপ-ব্যাক ইত্যাদির অনুমতি প্রদান | | ১ |
| | ৮.৮ বন্ড টু বন্ড ট্রান্সফার, মেশিন লোন, মেশিন মেরামতের অনুমতি প্রদান | | ২ |
| | ৮.৯ পুরাতন অথচ সার্ভে রিপোর্ট অনুযায়ী অর্থনৈতিক আয়ুস্কাল কমপক্ষে ১০ বছর রয়েছে এবং ব্যবহার উপযোগী মেশিনারীজ প্রয়োজনীয় শুল্ক-করাদি পরিশোধ সাপেক্ষে স্থানীয় শুল্ক এলাকায় (DTA) বিক্রয়ের অনাপত্তি/ছাড়পত্র প্রদান | | ৭ |
| | ৮.১০ উৎপাদন কাজে ব্যবহার অযোগ্য পুরাতন মেশিনারীজ স্ক্র্যাপে রূপান্তরপূর্বক প্রয়োজনীয় শুল্ক-করাদি পরিশোধ সাপেক্ষে স্থানীয় শুল্ক এলাকায় (DTA) বিক্রয়ের অনাপত্তি/ ছাড়পত্র প্রদান | | ৭ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | ৮.১১ আমদানিকৃত উদ্বৃত কাঁচামাল প্রয়োজনীয় শুল্ক-করাদি পরিশোধ সাপেক্ষে স্থানীয় শুল্ক এলাকায় (DTA) বিক্রয়ের অনাপত্তি/ ছাড়পত্র প্রদান | | ৭ |
| | ৮.১২ ইপিজেডের শিল্প প্রতিষ্ঠানের উৎপাদিত ত্রুটিযুক্ত রপ্তানি অযোগ্য পণ্য প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধ সাপেক্ষে স্থানীয় শুল্ক এলাকায় (DTA) বিক্রয় সংক্রান্ত অনাপত্তি/ ছাড়পত্র প্রদান | | ৫ |
| | ৮.১৩ ইপিজেডে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের কারখানা ভবনসহ অন্যান্য সম্পত্তি বিক্রয় অথবা মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে অনাপত্তি প্রদান | | ৭ |
| | ৮.১৪ ইপিজেডস্থ বন্ধ ঘোষিত শিল্প প্রতিষ্ঠানের ইনভেন্টরীকৃত ও মূল্য নিরূপণকৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল নিলাম বিক্রয়ের লক্ষ্যে বেপজা কর্তৃক Letter of Acceptance জারির পর মালামাল স্থানীয় শুল্ক এলাকায় (DTA) স্থানান্তরের অনাপত্তি/ ছাড়পত্র প্রদান | | ৫ |
| | ৮.১৫ ইপিজেডস্থ বন্ধ ঘোষিত শিল্প প্রতিষ্ঠান নতুন মালিকানাধীনে পরিচালনার লক্ষ্যে অনাপত্তি/ ছাড়পত্র প্রদান | | ৫ |
| | ৮.১৬ ইপিজেডের শিল্প প্রতিষ্ঠান কর্তৃক শুল্কমুক্তভাবে আমদানিতব্য যন্ত্রপাতি এবং যন্ত্রাংশের তালিকায় নতুন যন্ত্রপাতি এবং যন্ত্রাংশের নাম ও এইচ.এস. কোড সংযোজনপূর্বক এস,আর,ও, জারি | | ৩০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | ৮.১৭ Other Goods এর তালিকা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদন পরবর্তী অনুমোদিত নতুন পণ্য (সমূহ) তালিকায় সংযোজনপূর্বক এস,আর,ও, জারি | | ৩০ |
| | ৮.১৮ ইপিজেডের শিল্প প্রতিষ্ঠানের বিগত বছরের উৎপাদিত রপ্তানি পণ্যের অনধিক ১০% প্রচলিত হারে শুল্ক-করাদি পরিশোধ সাপেক্ষে স্থানীয় শুল্ক এলাকায় (DTA) বিক্রয়ের তালিকা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদন পরবর্তী নতুন পণ্য (সমূহ) সংযোজনপূর্বক এস,আর,ও, জারি | | ৩০ |
| | **৮.১৯ কমিশারিয়েট সংক্রান্ত** | | |
| | (ক) কমিশারিয়েট লাইসেন্স ইস্যু | | ১৫ |
| | (খ) কমিশারিয়েট লাইসেন্স নবায়ন | | ৭ |
| | (গ) কাস্টমস পাস বুক ইস্যু | | ৭ |
| ৯ | **নারকোটিক্স লাইসেন্স** | | |
| | ৯.১ নারকোটিক্স লাইসেন্স ইস্যু | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৫ |
| | ৯.২ নারকোটিক্স লাইসেন্স নবায়ন | | ৭ |
| ১০ | **আমদানি-রপ্তানি মালামাল, কনটেইনার ও কার্গো খালাস এবং ছাড়করণ** | | |
| | ১০.১ আমদানি-রপ্তানি মালামাল, কনটেইনার ও কার্গো পরীক্ষণ, শুল্কায়ন এবং ছাড়করণ | কাস্টমস | ১ |
| | ১০.২ আমদানি-রপ্তানি মালামাল, কনটেইনার ও কার্গো খালাস, ছাড়করণ ও জাহাজীকরণ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, নৌ পরিবহন মন্ত্রণালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, স্থলবন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ | ২ |
| ১১ | শিল্প কারখানায় গ্যাস সংযোগ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর আওতাধীন গ্যাস বিতরণ সংস্থাসমূহ | ৭ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১২ | টেলিফোন সংযোগ স্থাপন | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিঃ | ৩ |
| ১৩ | **বিস্ফোরক লাইসেন্স** | | |
| | ১৩.১ বিস্ফোরক লাইসেন্স ইস্যুকরণ | বিস্ফোরক অধিদপ্তর | ২১ |
| | ১৩.২ বিস্ফোরক লাইসেন্স নবায়ন | | ২১ |
| ১৪ | **বয়লার সংক্রান্ত** | | |
| | ১৪.১ বয়লার নিবন্ধন ও সনদ ইস্যুকরণ | প্রধান বয়লার পরিদর্শক এর কার্যালয় | ১৪ |
| | ১৪.২ বয়লার সনদ নবায়ন (পরিদর্শনসহ) | | ২১ |
| | ১৪.৩ মালিকানা (নাম/ঠিকানা) পরিবর্তন | | ১৫ |
| ১৫ | সার্টিফিকেট অব অরিজিন/জিএসপি সুপারিশ | বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো | ১ |
| ১৬ | **ব্যাংকিং সেবা** | | |
| | ১৬.১ ইপিজেডস্থ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বহিঃউৎস হতে বৈদেশিক মুদ্রায় মেয়াদী ঋণ গ্রহণের অনুমতি | বাংলাদেশ ব্যাংক | ১৫ |
| | ১৬.২ অফশোর ব্যাংকিং লাইসেন্স এর অনুমোদন | | ১৫ |
| | ১৬.৩ প্রফিট, ডিভিডেন্ট, ইন্টারেস্টসহ বিদেশি বিনিয়োগপ্রসূত যে কোনো ধরনের রিটার্ন বিদেশে প্রেরণ | | ১০ |
| | ১৬.৪ স্টক এক্সচেঞ্জে অ-তালিকাভুক্ত কোম্পানিতে নিবাসী হতে অনিবাসী, অনিবাসী হতে নিবাসী এবং অনিবাসী হতে অনিবাসীর অনুকূলে শেয়ার ইস্যু/হস্তান্তর সংক্রান্ত বিষয়ে অবহিতকরণ | | ০৫ |
| | ১৬.৫ স্টক এক্সচেঞ্জে অ-তালিকাভুক্ত কোম্পানিতে অনিবাসী কর্তৃক ধারণকৃত শেয়ার নিবাসীর নিকট বিক্রয়ের ফলে প্রাপ্ত বিক্রয়লব্ধ অর্থ এবং কোম্পানি অবলুপ্তির ক্ষেত্রে আনুপাতিক হারে অবশিষ্ট অর্থ বিদেশে প্রত্যাবাসন | | ১৫ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | ১৬.৬ সাধারণ প্রাধিকার বহির্ভূত কনসালটেন্সি ফি প্রেরণ সংক্রান্ত অনুমতি | | ৭ |
| | ১৬.৭ রয়্যালটি এবং কারিগরি ফি বাবদ রেমিটেন্সের কার্যোত্তর পরীক্ষণ | | ৭ |
| ১৭ | **এসিড পরিবহন** | | |
| | ১৭.১ এসিড পরিবহনের জন্য লাইসেন্স প্রদান | সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর কার্যালয় | ১৫ |
| | ১৭.২ এসিড পরিবহনের জন্য লাইসেন্স নবায়ন | | ৭ |
| ১৮ | বিভিন্ন কমিটিতে স্থানীয় প্রশাসনের প্রতিনিধি মনোনয়ন | সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর কার্যালয় | ৩ |
| ১৯ | নিরাপত্তা সহায়তার প্রয়োজনে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রেরণ | সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট, পুলিশ সুপার/পুলিশ কমিশনার, র‌্যাব, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | তাৎক্ষণিক |
| ২০ | ডিউটি ফ্রি গাড়ি রেজিস্ট্রেশন | বিআরটিএ | ১ |
| ২১ | সুপারি, সিগারেট ও অন্যান্য কৃষিজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে Phytosanitary সনদপত্র প্রদান | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ৫ |
| ২২ | গ্যাস লাইটার/অন্যান্য Dangerous Goods (ডিজি) পণ্য আমদানি/রপ্তানির ক্ষেত্রে অনাপত্তি ইস্যু | বাংলাদেশ নৌবাহিনী | ৩ |
| ২৩ | **বিদ্যুৎ সংযোগ (প্রযোজ্য ক্ষেত্রে)** | | |
| | ২৩.১ বিদ্যুৎ পরিকল্পনা অনুমোদন/অনাপত্তি সনদ | প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | ৭ |
| | ২৩.২ বৈদ্যুতিক সংযোগ অনুমোদন ও সনদ প্রদান | | ১৪ |
| | ২৩.৩ বৈদ্যুতিক নিরাপত্তা সনদ নবায়ন | | ১৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউল হক**
পরিচালক।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd